Sanatan Dharma

---

**ভৈরবী যাতনা কেমন হয় ? '**

প্রশ্ন :-ভৈরবী যাতনা কেমন হয় ? '
উত্তর :- ভৈরবী যাতনা :- যেকোনো আত্মজ্ঞানহীন বা পরমাত্মা জ্ঞানহীন বা ব্রহ্ম জ্ঞানহীন মনুষ্য ইহ জীবনে পাপ - পুন্য, ভালো - মন্দ, সৎ - অসৎ বা কোনো নিরপেক্ষ কর্ম অর্থাৎ যে কর্মই সে করে থাকুক আর যে কোনো ভাবেই তার মৃত্যু হোক - যেমন আত্মহত্যা, রোগ - ব্যাধি, এক্সিডেন্ট , অপারেশন, অপমৃত্যু, বয়স কালীন মৃত্যু, অকাল মৃত্যু, কোমা অবস্থায় মৃত্যু, অপঘাতে মৃত্যু, অর্থাৎ যেকোনো ভাবেই মৃত্যু হোক, মৃত্যুর সময় অর্থাৎ দেহকে যখন প্রাণ সম্পূর্ণরূপে পরিত্যাগ করে তখন শেষ ৪০ সেকেন্ড তার সব কর্মের ফল এবং কর্মের যাতনা, কর্মের অনুভব উপলব্ধি করতে পারে এবং দর্শন করতে পারে একেই শাস্ত্রে "ভৈরবী যাতনা" বলে। ইহা প্রত্যেকে আত্মজ্ঞানহীন, পরমাত্মজ্ঞানহীন, ব্রহ্ম জ্ঞানহীন ব্যাক্তিকে অবশ্যই ভৈরবী যাতনা মৃত্যুর সময় ভুগতে হয় এবং এই ভৈরবী যাতনা পেয়ে মৃত্যু হলে অবশ্যই প্রেত শরীর লাভ হয়। যিনি জীবিত অবস্থায় ধর্মের পথে আত্মজ্ঞান, পরমাত্মজ্ঞান, ব্রহ্মজ্ঞান যেকোনো একটা জ্ঞান লাভ করেছেন তাকে মৃত্যু সময়ে এই ভৈরবী যাতনা ভোগ করতে হয় না এবং তার প্রেত শরীর ধারণ করতে হয় না এবং তিনি পরম দিব্য শরীর লাভ করেন।

Published on: Jul, 27 2023 08:43